

## নিরীক্ষার পরিধি

১৯৭৫ সালের মহা হিসাব নিরীক্ষা ও নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব) আইন এর ৫ ধার (১৯৭৫ সালের সংশোধনী আইনসহ পঠিতব্য) অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণধীন নিম্নোক্ত আধা-সরকারী বাণিজ্যিক এবং রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠানসমূহের হিসাব নিরীক্ষার দায়িত্ব বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর উপর অর্পিত হইয়াছে :

- ১। ইন্টারন্যাশনাল অয়েল মিলস্ লিঃ, চট্টগ্রাম
- ২। ভ্যান ওমেরেন ট্যাঙ্ক টারমিনাল লিঃ, চট্টগ্রাম
- ৩। বাংলাদেশ রসায়ন শিল্প কর্পোরেশন ও ইহার অধীনস্থ প্রতিষ্ঠানসমূহ
- ৪। বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন ও ইহার অধীনস্থ প্রতিষ্ঠানসমূহ
- ৫। বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন ও ইহার অধীনস্থ প্রতিষ্ঠানসমূহ
- ৬। বাংলাদেশ স্কুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন
- ৭। পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ডের ব্যবস্থাপনাধীন প্রতিষ্ঠানসমূহ
- ৮। বিটাক

বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর পক্ষে বাণিজ্যিক অডিট অধিদপ্তরের মহা পরিচালক কর্তৃক উক্ত প্রতিষ্ঠানসমূহের হিসাব নিরীক্ষা কার্য পরিচালনা করা হয়।

সংশ্লিষ্ট সংবিধিগুলি শর্তানুসারে কর্তৃপক্ষ কর্তৃক নিযুক্ত সনদপ্রাপ্ত হিসাব পরীক্ষকগণ কর্তৃক উক্ত প্রতিষ্ঠানসমূহের হিসাব বিস্তারিত নিরীক্ষা করা হয়।